

পাঠানোর ব্যবস্থা করে।

## গবাদি পশুকে ত্রাণ

▶▶ **হলদিয়া:** ইয়াসে ক্ষতিগ্রস্ত উপকূল অঞ্চলের বিস্তীর্ণ অঞ্চল। মানুষের পাশাপাশি ক্ষতি হয়েছে গবাদি পশুর। বহু যায়গায় খড়টুকুও পাওয়া যায়নি। তাই তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করল প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের সংগঠন অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টারস অ্যান্ড হেডমিস্ট্রেসেস এবং মুক্তি ফাউন্ডেশন। দুই সংগঠনের উদ্যোগে দুর্গতদের খাবার, ওষুধ, জামা, বেবিফুড বিলির পাশাপাশি গোখাদ্যও বিলি করা হচ্ছে। পূর্ব মেদিনীপুরে মোট ১০ হাজার কেজি গোখাদ্য এবং ৫০ হাজার টাকার খড় কিনে বিভিন্ন প্রান্তে বিলি উদ্যোগ নেওয়া হয়েছে। শুক্রবার হলদিয়া পুরসভার ৭ নম্বর ওয়ার্ডে ১৫০০ কেজি গোখাদ্য এবং ১৬০ বান্ডিল খড় বিলি হয়েছে। সুতাহাটার বৈষ্ণবচক ও এরিয়াখালি গ্রামেও গোখাদ্য বিলি করা হয়েছে।